দৈনিক সংবাদ

তারিখ 04 JUL 1997
পৃষ্ঠা ৫ কলাম ৫

# বৃহত্তর ফরিদপুরে অধিকাংশ স্কুলে গ্রন্থাগার নেই

ফরিদপুর, ৩রা জুলাই (নিজস্ব বার্তা পরিবেশক)।– বৃহত্তর ফরিদপুরের ৫টি জেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগার স্থাপিত হলেও সংরক্ষণের উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে গ্রন্থাগারগুলো ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে।

বৃহত্তর ফরিদপুরের মাদারীপুর, রাজ-বাড়ী, শরিয়তপুর, গোপালগঞ্জ ও ফরিদপুর জেলায় মোট ৬০৩টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ১৮টি সরকারি, ৪৪১টি বেসরকারি এবং ১৪৪টি জুনিয়র হাই স্কুল রয়েছে। এর মধ্যে ৪৪৫টি গ্রন্থাগার থাকলেও তা নামমাত্র। প্রয়োজনীয় অর্থের অভাবে ঐসব গ্রন্থাগার বন্ধ হয়ে যাবার উপক্রম হয়ে উঠেছে। একই কারণে বহু ঐতিহ্যবাহী ও পুরোনো মাধ্যমিক বিদ্যালয়ের গ্রন্থাগার বিলুপ্ত হয়ে গেছে। এছাড়া ১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় প্রায় ২৩৬টি বিদ্যালয়ের গ্রন্থাগার ও পুস্তকাদি বিনষ্ট হয়েছে। ঐসব গ্রন্থাগার পুনঃস্থাপিত হয়নি। এছাড়া কোন বিদ্যালয়ে লাইব্রেরিয়ানও নেই বলে জানা গেছে।